

# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

স্মারক নং-৩৪.০৪.০০০০.০০১.০৪.০১৪.৯৯-৩৬১

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ  
১১ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ



## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আওতাধীন “তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ করে নিবিড় প্রশিক্ষণ প্রদান” কর্মসূচীর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে সম্মানী ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বয়স	পদের সংখ্যা	বেতনস্কেল	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	কোচ (আর্চারি-০১, হকি-০১, কারাতে-০১, টেবিল টেনিস-০১, ফ্লোরবল-০১, বক্সিং-০১, উত্ত-০১)	অনুর্ধ্ব-৪০ বছর	০৭টি	সর্বসাকুল্য মাসিক ৩৫,০০০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী। তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমার প্রয়োজন হইবে না, যথা : (ক) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়; (খ) জাতীয় দলের প্রশিক্ষক; (গ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে কোচিং বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত; (ঘ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে কোচ হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন; (ঙ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা (চ) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং কোর্সে সার্টিফিকেট বা লাইসেন্সপ্রাপ্ত।

- ১। স্ব-হস্তে লিখিত নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি (৫×৫ সে. মি.) সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ৩০/১১/২০২১ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌছাইতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ২। প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত রহিয়াছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ৪। আগামী ৩০/১১/২০২১ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হইবে।
- ৫। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।
- ৬। আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লি: এর যে কোন শাখা হইতে মহাপরিচালক, বিকেএসপি-এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে।
- ৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হইবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি দেখাইতে হইবে।
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা, উপজাতীয় কোটা, মুক্তিযোদ্ধাগণের সন্তানদের জন্য নির্ধারিত কোটা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের নির্ধারিত কোটা সংরক্ষণ করা হইবে। তবে সকল ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দরখাস্তের সাথে পেশ করিতে হইবে।
- ৯। আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইটে ([www.bksp.gov.bd](http://www.bksp.gov.bd)) পাওয়া যাইবে।
- ১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

এ কে এম মাজহারুল হক, এএফডব্লিউসি, পিএসসি, এলএসসি, এমফিল  
ব্রিগেডিয়ার জেনারেল  
মহাপরিচালক  
বিকেএসপি।